

Madia  
স্বাস্থ্য  
১০/১১/২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি  
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং ৪৬.২০৩.০০০০.০০১.১৯.০৭৪.১৫- ২০২০

তারিখ ০৩/০৩/২০১৫ খ্রিঃ

## অফিস আদেশ

অতি বর্ষজনিত কারণে দেশের বিভিন্ন অঞ্চল বন্যা কবলিত হওয়ায় বিশুদ্ধ খাবার পানি সরবরাহের নিমিত্তে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্ষতিগ্রস্ত নলকূপসমূহ মেরামত, উঁচুকরণ, জীবাণুমুক্তকরণ ইত্যাদি কার্যক্রম মনিটরিং করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ভান্ডার সার্কেলের ব্যবস্থাপনায় ভান্ডার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকায় একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ (টেলিফোন নং- ০২-৯৫৫৩১০৭) খোলা হয়েছে।

- ২। বন্যা কবলিত এলাকার মাঠ পর্যায়ে কর্মরত অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান করবেন। আপদকালীন জরুরী অবস্থা মোকাবেলার নিমিত্তে বন্যা চলাকালীন সময়ে উক্ত এলাকার মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের সকল প্রকার ছুটি (অসুস্থতাজনিত কারণ ব্যতিত) পুণরাদেশ না দেয়া পর্যন্ত এতদ্বারা সাময়িকভাবে স্থগিত করা হল।
- ৩। উপজেলা ও জেলা পর্যায়ে হতে বন্যাজনিত অধিদপ্তরীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রতিদিন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সার্কেল কার্যালয়ে প্রেরণ করবেন। সার্কেল হতে তথ্যাদির একীভূত প্রতিবেদন ঢাকাস্থ কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে প্রতিদিন প্রেরণ করতে হবে। কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ সার্কেল থেকে প্রাপ্ত/সংগৃহীত তথ্যাদির একীভূত প্রতিবেদন প্রত্যহ অত্র কার্যালয়ে দাখিল নিশ্চিত করবে।
- ৪। নলকূপসমূহ মেরামত, উঁচুকরণ ও জীবাণু মুক্তকরণ ইত্যাদি কাজ জোরদার করার জন্য বন্যামুক্ত এলাকা হতে বন্যা আক্রান্ত এলাকায় অতিরিক্ত নলকূপ মেকানিকসহ এ কাজে দক্ষ জনবলকে (পিয়ন, চৌকিদার, ম্যাশন এবং লেবার) বন্যা উপদ্রুত এলাকায় কাজ করার জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্দেশ প্রদান করবেন। এ বিষয়ে গৃহীত ব্যবস্থা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষকে অবহিত করতে হবে।
- ৫। বন্যা কবলিত জেলার নির্বাহী প্রকৌশলীগণ বন্যা সম্পর্কিত কার্যক্রম বিষয়ে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

Handwritten signature  
৩/৩/২০১৫  
(খালেদা আহসান)

প্রধান প্রকৌশলী (চগুদাঃ)

তারিখ ০৩/০৩/২০১৫ খ্রিঃ

স্মারক নং ৪৬.২০৩.০০০০.০০১.১৯.০৭৪.১৫- ২০২০ (৮৫০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ/পরিকল্পনা/পূর্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ..... সার্কেল.....।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ..... বিভাগ/জেলা .....।
- ৪। প্রোগ্রামার, এম.আই.এস. ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা। এই পত্রটি Web-Site- এ প্রকাশ ও E-mail -এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৫। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ..... HQ.....।
- ৬। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ..... উপজেলা .....।

Handwritten signature  
৩/৩/২০১৫  
(খালেদা আহসান)

প্রধান প্রকৌশলী (চগুদাঃ)

তারিখ ০৩/০৩/২০১৫ খ্রিঃ

স্মারক নং ৪৬.২০৩.০০০০.০০১.১৯.০৭৪.১৫- ২০২০/২(২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত-সচিব (পাস)।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার, ঢাকা।

Handwritten signature  
৩/৩/২০১৫  
(খালেদা আহসান)

প্রধান প্রকৌশলী (চগুদাঃ)

তারিখ ০৩/০৩/২০১৫ খ্রিঃ